

জেলা প্রশাসক
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
মেহেরপুর।
www.meherpur.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অস্ত্রীভ জরুরী

নম্বর-১৭.০৫.৫৭০০.০০০.৩৬.০১৭.২৩-৪৩৯

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩


“গণ-বিজ্ঞপ্তি”

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ শামীম হাসান, জেলাপ্রশাসক, মেহেরপুর ও রিটার্নিং অফিসার, এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ----- (বৃহস্পতিবার) ৩০ নভেম্বর ২০২৩
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ----- (শুক্রবার-সোমবার) ০১-০৪ ডিসেম্বর ২০২৩
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ----- (মঙ্গলবার-শনিবার) ০৫-০৯ ডিসেম্বর ২০২৩
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ----- (রবিবার-শুক্রবার) ১০-১৫ ডিসেম্বর ২০২৩
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ----- (রবিবার) ১৭ ডিসেম্বর ২০২৩
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ----- (সোমবার) ১৮ ডিসেম্বর ২০২৩
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ----- (রবিবার) ০৭ জানুয়ারি ২০২৪

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্চে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৭৪ মেহেরপুর-২ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে “জেলা প্রশাসকের কার্যালয়” মেহেরপুর এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।



(মোঃ শামীম হাসান)
জেলাপ্রশাসক, মেহেরপুর
ও

তারিখ : ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


রিটার্নিং অফিসার
৭৪ মেহেরপুর-২
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নম্বর-১৭.০৫.৫৭০০.০০০.৩৬.০১৭.২৩-৪৩৯

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিতে নহে):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা
- ৩। পুলিশ সুপার, মেহেরপুর
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, গাংনী, মেহেরপুর
- ৬। জেলা তথ্য অফিসার, মেহেরপুর (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- ৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মেহেরপুর
- ৮। উপজেলা নির্বাচন অফিসার, গাংনী, মেহেরপুর
- ৯। অফিসার ইন-চার্জ, গাংনী থানা, মেহেরপুর
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, মেহেরপুর
- ১১। নোটিশ বোর্ড



জেলা প্রশাসক, মেহেরপুর

ও

রিটার্নিং অফিসার

৭৪ মেহেরপুর-২

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন।